রেলে কাটা পড়ে মৃত্যু রেলকর্মীর

গাজোল, ১৬ এপ্রিল ঃ রেললাইনে এক যুবকের দ্বিখণ্ডিত দেহ ঘিরে চাঞ্চল্য ছড়াল একলাখি স্টেশন সংলগ্ন এলাকায়। সোমবার সকালে ওই দেহটি দেখতে পান রেলকর্মীরা। এরপরেই খবর দেওয়া হয় জিআরপিকে। ঘটনাস্থলে ছুটে আসেন রেলপুলিশ এবং জিআরপি। তাঁরা লাইন থেকে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়ে দেয়। মৃতের পকেট থেকে একটি কাগজ পাওয়া গেছে। তাতে পাপ্পু পাসোয়ান নাম পাওয়া গেছে। জানা গেছে, মৃত ওই যুবক রেলদপ্তরেরই একজন কর্মী। পূর্বরেলের অধীনে ক্যারেজ এবং ওয়াগন বিভাগে কাজ করতেন তিনি। তবে কীভাবে তিনি রেলে কাটা পড়লেন তা নিয়ে ধোঁয়াশায় রয়েছেন অন্য কর্মীরা। রেলকর্মীরা জানিয়েছেন, মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে সম্ভবত সকাল ৯ টা থেকে ১০টার মধ্যে। ডাউন লাইনে অ্যাডভান্স সিগন্যালের কাছে ঘটেছে দুর্ঘটনাটি।

বর্ষবরণের অনুষ্ঠানে আট থেকে আশি। ছবিটি তুলেছেন চয়ন হোড়।

তপনে নাবালিকার বিয়ে বন্ধ প্রশাসনের

তপন, ১৬ এপ্রিল ঃ এক নাবালিকার বিয়ে বন্ধ করল তপন ব্লক প্রশাসন। প্রাপ্ত বয়স না হলে মেয়ের বিয়ে দেবে না ব্লক প্রশাসনকে এমন আশ্বাস দিল নাবালিকার পরিবার। জানা গেছে, তপন ব্লকের একটি উচ্চবিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রীর বিয়ে ঠিক করে তার পরিবার। নাবালিকার বিয়ের খবর পান স্কুল কর্তৃপক্ষ। সঙ্গে সঙ্গে বিষয়টি স্কুল কর্তৃপক্ষ জানায় ব্লক প্রশাসনকে। খবর পেয়ে নাবালিকার বাড়িতে ছুটে যান পিডিও অভিক দাস। তিনি নাবালিকার মা-বাবাকে বোঝান কেন নাবালিকার বিয়ে দেওয়া উচিত নয়। নাবালিকার বিয়ে দিলে কী কী সমস্যা হতে পারে। পিডিও অভিক দাসের কথায়, পরিবার বিয়ে দেবেন না বলে ব্লক প্রশাসনিক কর্তাকে আশ্বাস দেন এদিন। এবিষয়ে তপন সমষ্টি উন্নয়ন আধিকারিক সিদ্ধার্থ সুব্বা বলেন, এদিন আমরা খবর পাই নবম শ্রেণির ছাত্রীকে বিয়ে দিচ্ছে তার পরিবার। সে নাবালিকা। তারপর আমরা পরিবারের সঙ্গে কথা বলে বিয়ে বন্ধ করেছি। *–সংবাদ নিউজ সার্ভিস*

Aliah University
A UGC approved autonomous Institution under MA & ME Department, Govt. Of West Bengal
IIA/27, New Town Campus, Action Area-II, Kolkata-700160
Ph: +918584853810 (10 AM to 5 PM)
AUAT-2018
Advt. No. AU/Admn-3/18 Date: 16.04.2018
Aliah University Admission Test (AUAT)-2018
Extension of online application for AUAT-2018
Applications are invited to appear in Entrance Test (AUAT 2018) for admission to various **UG courses in Arts, Science, Engineering, Integrated Management, Islamic Theology, Nursing, B.Ed and Lateral Entry (B. Tech) Programmes.**
The online application for all UG and B.Ed. courses has been extended up to 22nd April 2018. The Admission Test will be held on 12th & 13th May 2018 for all UG and B.Ed. programmes.
For further details see the website http://www.aliah.ac.in(AUAT-2018).
Sd/-
Registrar

তালগাছে যুবকের ঝুলন্ত দেহ

পুরাতন মালদা, ১৬ এপ্রিল ঃ এক যুবকের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়াল পুরাতন মালদায়। মৃতের নাম বালক হাঁসদা (২৬)। সোমবার সকালে ঘটনাটি ঘটে পুরাতন মালদার যাত্রাডাঙ্গার আঁখিরাপুকুর গ্রামে। স্থানীয় সূত্রে খবর, সোমবার সকালে তালের রস পাড়তে গাছে ওঠেন বালক। কিছুক্ষণ পর হঠাৎ তালগাছ থেকেই গলায় ফাঁস দেন তিনি। স্থানীয় বাসিন্দারা চেষ্টা করেও বাঁচাতে পারেননি তাঁকে। পরে খবর পেয়ে মালদা থানার পুলিশ গিয়ে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। পুলিশসূত্রে খবর, বছর খানেক আগে বালকের স্ত্রী তাঁকে ছেড়ে চলে যাওয়ার পর থেকেই মানসিক অবসাদে ভুগছিলেন তিনি। সম্ভবত সেই অবসাদ থেকেই ওই যুবক আত্মহত্যা করে থাকতে পারেন বলে অনুমান।

বর্ষবরণের সন্ধ্যায় দাবি উঠল সাংস্কৃতিক মঞ্চের

পতিরাম, ১৬ এপ্রিল ঃ পারস্পারিক শুভেচ্ছা-শ্রদ্ধাজ্ঞাপন, মিষ্টিমুখ আর কবিতা, নাচ, গানের সমন্বয়ে এক জমজমাট সাংস্কৃতিক সন্ধ্যা উপহার দিল পতিরাম সাংস্কৃতিক মঞ্চ। পতিরাম মনোরমাপল্লি পাঠাগারে আয়োজিত 'বর্ষবরণ ১৪২৫ বঙ্গাব্দ' নামক সাংস্কৃতিক বিষয়ের পাশাপাশি পতিরামে একটি মঞ্চ সহ অনুষ্ঠান হল স্থাপনে দাবি উঠল ফের। সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টা ১৫ পর্যন্ত চলে এই অনুষ্ঠান। পতিরাম সাংস্কৃতিক মঞ্চের বর্ষবরণের এই অনুষ্ঠানে শিশুশিল্পী, কিশোর-কিশোরী থেকে সব বয়সের কলাকুশলী ও সাধারণ দর্শক উপচে পড়েছিল। অনুষ্ঠান মঞ্চে কবিতা, আবৃতি, ছড়াগান, বিভিন্ন গান, হাস্যকৌতুক ইত্যাদি পরিবেশনে স্থান সংকুলান হলেও নাচের সময় প্রয়োজনীয় মঞ্চের অভাব অনুভূত হয়। পতিরামের মতো ঐতিহাসিক ঐতিহ্য সমৃদ্ধ জনপদে আজ পর্যন্ত একটি অনুষ্ঠান হল গড়ে না ওঠায় উপস্থিত সকলে ভীষণ আক্ষেপ করেন। সংস্কৃতিপ্রিয় মানুষজন যথাশীঘ্রই পতিরামে ১টি মঞ্চ সহ অনুষ্ঠান হল স্থাপন করার দাবিতে সরব হন। পতিরাম সাংস্কৃতিক মঞ্চের সভাপতি ও নাট্যকার রতনকুমার ঝা, সম্পাদক বিশ্বজিৎ প্রামাণিক, অনিমা মণ্ডল, বিশ্বনাথ পাল, রমণী সরকার, হীরেন সাহা, পার্থ চ্যাটার্জি, শ্যামল গাঙ্গুলি, রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত শিক্ষক বিনয়কুমার সাহা প্রমুখ সকলেই এবিষয়ে সরব হন। তাঁরা বলেন, ২০১০ সালে সুস্থ সংস্কৃতিচর্চা, গ্রামগঞ্জে সাংস্কৃতিক প্রতিভাদের তুলে আনার লক্ষ্যে বৃহত্তর পতিরামে এই সংস্থার প্রতিষ্ঠা হয়। এর কিছুদিন পর পতিরামের মঞ্চ সহ একটি অনুষ্ঠান হল স্থাপনের দাবিতে লাগাতার আন্দোলন কর্মসূচি শুরু করে সংগঠনের সমস্ত সদস্য এবং পতিরামের সর্বস্তরের সংস্কৃতিপ্রিয় মানুষজন।

নববর্ষের অনুষ্ঠানে গান গাইছেন শিল্পী।

এই দাবি বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার পক্ষে গণস্বাক্ষর সংবলিত দাবিপত্র তাঁরা তুলে দেন উত্তরবঙ্গ উন্নয়ন প্রতিমন্ত্রী বাচ্চু হাঁসদা, বালুরঘাটের সাংসদ অর্পিতা ঘোষ, জেলাপরিষদের সভাধিপতি, জেলাশাসক, বিডিও, সভাপতি, জনপ্রতিনিধি বিপ্লব মিত্রের হাতে। সকলেই পতিরামের মতো জায়গায় ১টি মঞ্চ সহ অনুষ্ঠানের ভীষণ প্রয়োজন স্বীকার করেন এবং যথাশীঘ্রই দাবি বাস্তবায়নের আশ্বাস দেন। কিন্তু আজ পর্যন্ত নিট ফল শূন্য। ফলে উপস্থিত সকলে পুনরায় এই দাবিতে লাগাতার আন্দোলন শুরু করার দাবি তোলেন। বর্ষবরণের আবেগময় অনুষ্ঠানে একঝাঁক শিশুশিল্পী, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, সাধারণ শিল্পী তথা সংস্থার সদস্যরা একের পর এক কবিতা আবৃত্তি, স্বরচিত কবিতা, রবীন্দ্র-নজরুল সংগীত, লোকগীত, আধুনিক গান, বর্ষবরণের বিশেষ সংগীত পরিবেশন করে দর্শক শ্রোতাদের অনাবিল আনন্দ দান করেন। এছাড়া কবিতা পাঠ, হাস্যকৌতুক, স্মৃতিচারণা এবং পারস্পরিক শুভেচ্ছা বিনিময় এবং পতিরাম সাংস্কৃতিক মঞ্চের পক্ষে সকল দর্শকদের মিষ্টি দিয়ে আন্তরিকভাবে আপ্যায়ন অনুষ্ঠানে ভিন্নমাত্রা নিয়ে আসে।

মুর্শিদাবাদে ঝড়, শিলাবৃষ্টি

ফরাক্কা ও জঙ্গিপুর, ১৬ এপ্রিল ঃ একদিকে যখন কড়া রোদে পুড়ছে দক্ষিণবঙ্গ, ঠিক তখনই ঝড়বৃষ্টিতে বিপর্যস্ত গৌড়বঙ্গ। সোমবার ফরাক্কা ও জঙ্গিপুর সহ মুর্শিদাবাদের বহু জায়গাতেই ঝড় ও শিলাবৃষ্টি হয়। এছাড়াও জেলার বাকি অংশগুলিতে ছিল তীব্র ঝড়ের প্রভাব। গত কয়েকদিন ধরে তাপমাত্রা ঘোরাফেরা করছিল ৪০-৪২ ডিগ্রিতে। কিন্তু সেখানে এদিনের ঝড়বৃষ্টিতে একঝটকায় তাপমাত্রা নেমে যায় ২৪ ডিগ্রিতে। কিছু কিছু জায়গায় বিদ্যুতের তার ছিঁড়ে এলাকায় বিদ্যুৎ সংযোগও বিচ্ছিন্ন হয়ে যায়। ঝড়বৃষ্টির ফলে নষ্ট হয় বহু বাড়িঘর থেকে শুরু করে জমির ফসলও। ঝড়ে নষ্ট হয়েছে প্রচুর আম। আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে খবর, যে নিম্নচাপের কারণে মুর্শিদাবাদ সহ উত্তরবঙ্গে ঝড়বৃষ্টি হচ্ছে, সেটির দৌলতেই আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গেও প্রবল ঝড়বৃষ্টি হবে।

আলোচনাচক্র

ইটাহার, ১৬ এপ্রিল ঃ সৈয়দপুরে এপিজে কালাম মডেল স্কুলের উদ্যোগে শিক্ষা বিষয়ক আলোচনাচক্র হয়ে গেল। আলোচনায় প্রধান অতিথি ছিলেন প্রাক্তন জেলাশাসক শেখ নুরুল হক। আলোচনাচক্রে প্রাক্তন জেলাশাসক সহ আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ড. এনারুল হক, ছবির আলি, সুকুমার বাড়ই, খাদেমূল ইসলাম প্রমুখ। ছাত্রীরা অতিথিদের বরণ করার পর সংগীত পরিবেশন করে ইউন জাফরি ও রেহানা সরকার।

দাম: ₹3.75 লক্ষ
ছোট ডাউনপেমেন্ট
ছোট ইএমআই। বড় লাভ
GVW 1550 KG
লাভ ₹25,000/মাস থেকে শুরু*
এই নম্বরে মিস্‌ড কল্ করুন: 080-30636006
20 লক্ষ ভারতীয়ের দাবি
মুদ্রণ প্রক্রিয়ার কারণে, প্রদর্শিত রঙে সামান্য পার্থক্য হতে পারে। *শর্তাবলী প্রযোজ্য।
অধিক তথ্যের জন্য যোগাযোগ করুন - টাটা মোটর্স লি. - 85848 65758, 76030 37356, 85848 65772, 70330 95188, অনুমোদিত ডীলারশিপ - লেক্সাস্ মোটর্স লি. - উত্তর 24 পরগণা, দক্ষিণ 24 পরগণা, হাওড়া, হুগ্লি, কলকাতা - 98304 18625, 90739 62005, ফ্রেন্ড্স্ মোটর কার্ কোং. লি. - উত্তর 24 পরগণা, দক্ষিণ 24 পরগণা, হাওড়া, হুগ্লি, কলকাতা - 90739 00288, ভাণ্ডারী অটোমোবাইল্স প্রা. লি. - উত্তর 24 পরগণা, দক্ষিণ 24 পরগণা, হাওড়া, হুগ্লি, কলকাতা - 90880 89000, পরজ মোটর্স পূর্ব মেদিনীপুর - পশ্চিম মেদিনীপুর - 80010 00830, গতি মোটর্স বর্ধমান, বীরভূম, দুর্গাপুর - 97342 20661 - আর. এইচ. অটোমোবাইল্স বাঁকুড়া, পুরুলিয়া - 91633 61260, 97484 02634, ও.এস্.এল্. অটোমোটিভ জলপাইগুড়ি, শিলিগুড়ি, কুচবিহার, আলিপুরদুয়ার - 80160 00942, 98000 03426, 80160 00945, বিনায়ক আটোট্রেড প্রা. লি. নদীয়া, মুর্শিদাবাদ - 80179 96222, দুর্গা অটোমার্ট মালদা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর - 74777 90123
Rediffusion-Y&R/Mum/TM/0660 BN